

সৃষ্টি

জাফর হোসেন

নিসীম শূন্যতার মধ্যে স্ফুলিঙ্গের মতো

একটা পাতা খসার মতো মুহূর্ত

ক্ষনিকের জন্ম নেয়া প্রাণ

তবুও তোমাকে ছুতে চায় ।

এতো বিশাল এই প্রান্ত, অথচ দু প্রহ্নেই শেষ নিসবাস

অথচ ইচ্ছে করে শূনি দিগন্তের এপারে

নক্ষত্রের গান , শূন্যে মিলিয়ে যাওয়া নিযুত পৃথিবীর

কথা । বাতাসে মাটিতে কনায় পূর্ব পুরুশের অনু পরমানু।

সময় ভোরের শিশির , সপ্ন সন্ধ্যাতারার ওপারে ।

যেন কোথাও রহস্য আছে , অথবা পরিষ্কার সবকিছু ।

সূত্র ছড়ানো অসংখ্য জালিকার মাঝে মাকড়সার ফাদ।

লক্ষ কটি স্ফুলিঙ্গের মতো নিভে যায় ধ্রুব।

তবুও শেষ এবং শুরু না জেনে চলে যাওয়া নয় ।